

তপশিলি জাতি এবং ওবিসি জনগোষ্ঠীর জন্য ১৪টি শিক্ষাবৃত্তি প্রকল্প

নয়াদিল্লি, এপ্রিল ১৭, ২০১৭

তপশিলি জাতি ও অন্য অনগ্রসর জনগোষ্ঠী ওবিসি বা অবিজ্ঞাপিত যাযাবর, আধা যাযাবর উপজাতি অংশের ৩.৫৪ কোটি ছাত্রছাত্রীর জন্য ১৪টি বৃত্তি প্রকল্পকে ডিজিটাল লেনদেনের আওতাভুক্ত করা হয়েছে। বৃত্তির টাকা ইতিমধ্যেই সংশ্লিষ্টদের ব্যাঙ্কের হিসাব খাতায় জমা পড়েছে। তপশিলি জাতিভুক্ত ছাত্রছাত্রীদের ৬০ শতাংশের ব্যাঙ্ক খাতার সঙ্গে আধার নম্বরও যুক্ত হয়েছে বলে শনিবার এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রী শ্রী থাওয়ার চাঁদ গেহলট।

‘প্রধান সামাজিক কল্যাণের উদ্যোগসমূহ’ শীর্ষক সাংবাদিক সম্মেলনে সংশ্লিষ্ট বৃত্তির মাধ্যমে তপশিলি জাতি গোষ্ঠীর আবাসিক শিক্ষা, প্রশিক্ষণ সুবিধা, প্রতিষ্ঠান ও পারিপার্শ্বিক চত্বরের মানোন্নতির অর্থ যোগানোর মাধ্যমে শিক্ষাগত ক্ষমতায়নের প্রয়াস চলছে বলে কেন্দ্রীয় মন্ত্রী জানান।

সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রক সংশ্লিষ্ট জনগোষ্ঠীর জন্য দেশে ও দেশের বাইরে ভিন্ন মাত্রার সাতটি বৃত্তি প্রদান করছে। বিশ্ববিদ্যালয় অনুদান আয়োগ এই বৃত্তিসমূহের ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ করছে। অন্যদিকে অপরিচ্ছন্ন কাজে নিযুক্ত শিশু সহ তপ:জাতি ও অন্য অনগ্রসর জনগোষ্ঠীর সবার জন্য শিক্ষা কর্মসূচীর আওতায় ৭০:৩০ অনুপাতে অর্থের সংস্থান হচ্ছে। ভারত সরকার এই মন্ত্রকের বাজেট বরাদ্দের ৫৪ শতাংশ অর্থ শিক্ষার মাধ্যমে ক্ষমতায়ন খাতে ব্যয়ের জন্য রেখেছে। এই ব্যাপারে সমস্যা দূর করতে অর্থমন্ত্রক থেকে ইতিমধ্যেই সমস্ত ব্যাঙ্ক শাখাগুলির জন্য প্রয়োজনীয় নির্দেশিকা জারির ব্যাপারেও শ্রী গেহলট সাংবাদিকদের অবহিত করেন।